

কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ৮টি বিশ্ববিদ্যালয়ের কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা গতকাল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। এ সময় ইলেক্ট্রিক ডিভাইসসহ পলাশ চন্দ্র সরকার নামে এক পরীক্ষার্থীকে আটক করা হয়। পলাশ ময়মনসিংহের ভালুকা পৌরসভার ২নং ওয়ার্ডের প্রদীপ কুমার দাস ও মিনতি রানীর ছেলে।

এদিকে বাকুবি কেন্দ্রের ভর্তি পরীক্ষার নিয়ন্ত্রক ও ডিন কাউন্সিলের আহ্বায়ক অধ্যাপক মো. এরশাদুল হক বলেন, এ বছর বাকুবি কেন্দ্রে ১২ হাজার ৫০০ পরীক্ষার্থীর বিপরীতে উপস্থিত ছিল ১১ হাজার ১০৪ জন। পরীক্ষার্থী উপস্থিতির হার ৮৮ দশমিক ৮৩ শতাংশ। বেলা সাড়ে ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত সর্বমোট ১০টি কেন্দ্রে ওই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, পলাশ বিশ্ববিদ্যালয়ের মুক্তিযোদ্ধা স্মৃতি বিদ্যালয়ের ৪নং কক্ষে ভর্তি পরীক্ষায় অংশ নেয়। তার ভর্তি পরীক্ষার রোল ১৮২৯৭। পরীক্ষা চলাকালীন দায়িত্বরত পরিদর্শক কৃষি ও ফলিত পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান ভুঁইয়া তাকে ইলেক্ট্রিক ডিভাইসসহ হাতেনাতে ধরে ফেলেন। পরে তাকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে সোপর্দ করা হয়। ডিভাইসটি সিমযুক্ত ও মোবাইলের ব্যাটারির মতো দেখতে। পরীক্ষার্থীর কানের ভেতরে লাগানো ছিল ক্ষুদ্র আরেকটি ডিভাইস।

advertisement 3

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের অধ্যাপক ড. মুহাম্মদ মহির উদ্দীন বলেন, পলাশ চন্দ্র সরকারকে পরীক্ষা থেকে বহিক্ষার করা হয়েছে। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

advertisement 4